

ডেকো না আমারে,ডেকো না, ডেকো না ।

চলে যে এসেছে মনে তারে রেখো না ॥

আমার বেদনা আমি নিয়ে এসেছি,

মূল্য নাহি চাই যে ভালোবেসেছি,

কৃপাকণা দিয়ে আঁখিকোণে ফিরে দেখো না ॥

আমার দুঃখজোয়ারের জলস্রোতে

নিয়ে যাবে মোরে সব লাঞ্ছনা হতে ।

দূরে যাব যবে সরে তখন চিনিবে মোরে—

আজ অবহেলা ছলনা দিয়ে ডেকো না ॥

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Iman-Purvi

Visit www.geetabitan.com for notation and other detail